



মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

শহীদ মুক্তিযোদ্ধা সড়ক, ডাকঘর ও জেলা : চাঁদপুর
E-mail: matripithgov.girls@gmail.com

EIIN - ১০৩৪৯০

টেলিফোন নম্বর - ০২৩৩৪৪৮৭৪৬৪

স্মারক নং : ৮৫০ / ২০২৪

তারিখ : ২১/০৪/২০২৪ খ্রি:

নিলাম বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং -ওএম/৮৭-সম/২০১১/২৫৬৬, তারিখ: ১৪/১০/২০১৮ খ্রি: মোতাবেক মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর এর পুরানো ও জরাজীর্ণ প্রধান শিক্ষকের সেমি পাকা ০১ (এক) তলা বাসভবন, টিনশেড ও সেমি পাকা ০১ (এক) তলা ডরমেটরী ভবন, সেমি পাকা গার্ড রুম ও কাঁচা নামাজের ঘর যেখানে যে অবস্থায় আছে সে অবস্থার ভিত্তিতে নিলামে বিক্রয় পূর্বক অপসারণের নিমিত্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

কাজের নাম ও বিবরণ	কাজের অবস্থান	কার্য সম্পাদনের সময়সীমা
সেমি পাকা ০১ (এক) তলা বাসভবন, টিনশেড ও সেমি পাকা ০১ (এক) তলা ডরমেটরী ভবন, সেমি পাকা গার্ড রুম ও কাঁচা-নামাজের ঘর	মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর	৩০(ত্রিশ) দিন

১. মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুরের ক্যাম্পাসে বর্ণিত ভবন যে অবস্থায় আছে ঠিকাদার / ফার্মের মালিক তা সরেজমিনে দেখে লেটারহেড প্যাডে নিলাম দর উন্মেষ পূর্বক সিলগালা করে দরপত্র দাখিল করতে হবে।
২. প্রত্যেক দরপত্র দাতা উদ্ধৃত দরের ১০% সমপরিমান টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে প্রধান শিক্ষক, মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুরের অনুকূলে দরপত্রের সাথে দাখিল করবেন।
৩. কৃতকার্য ঠিকাদার / ফার্ম কর্তৃক দাখিলকৃত দর কনডেমনেশন কমিটি কর্তৃক সূহীত ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কর্তৃক অনুমোদিত হওয়ার পর ০৭ (সাত) দিনের মধ্যে অনুমোদিত দর / মূল্যে যে কোন উপসীলভুক্ত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুরের বরাবর জমা দিতে হবে।
৪. দরপত্রের সঙ্গে দাখিলকৃত দর / মূল্যের উপর ৭.৫% হারে ভ্যাট, ৩% হারে অগ্রিম আয়কর এবং সরকারি বিধি মোতাবেক অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) আলাদাভাবে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে প্রধান শিক্ষক, মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুরের বরাবর জমা দিতে হবে।
৫. কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার / ফার্মকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ভবনটি ও যাবতীয় মালামাল অপসারণ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
৬. বর্ণিত ভবনগুলো অপসারণের সময় বিদ্যালয়ের কোন স্থাপনা বা কোন জিনিসপত্রের ক্ষতি সাধন করা যাবে না। কোন রূপ ক্ষতি হলে ঠিকাদার / ফার্ম ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে। বিদ্যুৎ, গ্যাস, পানি ইত্যাদি লাইন আগেই বিচ্ছিন্ন করতে হবে। কোন প্রকার বিস্ফোরক ব্যবহার করা যাবে না।
৭. দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানের আয়কর সনদ, ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।
৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম দরপত্র গ্রহণ কিংবা বাতিল করতে পারবেন।
৯. নিলামে কৃতকার্য ঠিকাদার / ফার্ম নিলাম মূল্য সঠিক সময়ে জমা দিতে ব্যর্থ হলে জামানত স্বরূপ প্রদত্ত অর্থ বাজেয়াপ্ত করা হবে।
১০. ভবন ভাঙ্গার সময় যদি কোন ব্যক্তি আঘাত প্রাপ্ত হন বা জীবন হানি ঘটে সে জন্য বিদ্যালয় কর্তৃপক্ষ কোন ভাবে দায়ী হবে না।
১১. দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় : ২৩/০৪/২০২৪ খ্রি: থেকে ২৯/০৪/২০২৪ খ্রি:
প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা, (সরকারি ছুটির দিন ব্যতীত)
১২. দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময় : ৩০/০৪/২০২৪ খ্রি: বেলা ১২.০০ ঘটিকা।
১৩. দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় : প্রধান শিক্ষকের কার্যালয়, মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর।
৩০/০৪/২০২৪খ্রি: বেলা ১.০০ ঘটিকা (দরপত্র দাতাদের কেউ উপস্থিত থাকেন)
১৪. সিডিউল বিক্রয় ও গ্রহণের স্থান : প্রধান শিক্ষকের কার্যালয়, মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর।
১৫. সিডিউল মূল্য : ১০০০/- (এক হাজার) টাকা অফেরত যোগ্য।

(শিরীন আক্তার)

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর।

ও

সদস্য সচিব, কনডেমনেশন কমিটি

পুরানো ও জরাজীর্ণ সেমি পাকা ০১(এক) তলা বাসভবন, টিনশেড ও সেমি পাকা ০১(এক) তলা ডরমেটরী ভবন, সেমি পাকা গার্ড রুম ও কাঁচা নামাজের ঘর